# আগামী ১০ আগস্ট প্রকাশ হচ্ছে এসএসসি-সমমানের ফলাফল



ছবি: সংগৃহীত

২০২৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ১০ আগস্ট প্রকাশ করা হবে। সোমবার (২৭ জুলাই) বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দেশের সব শিক্ষা বোর্ডে এসএসসি ও সমমান পরীক্ষার ফল ১০ আগস্ট একযোগে প্রকাশ করা হবে। ফলাফল কীভাবে সংগ্রহ করা যাবে এবং অনলাইনে দেখার নিয়ম কী, তা পরে আলাদা বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

এবার ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের এসএসসি, মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল এবং কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষায় অংশ নিতে মোট ১৮ লাখ ৫৭ হাজার ৩৪৪ জন শিক্ষার্থী নিবন্ধন করেছে। এর মধ্যে ছাত্র ৯ লাখ ৩০ হাজার ৩০৫ জন এবং ছাত্রী ৯ লাখ ২৭ হাজার ৩৯ জন।

এদিকে, পরীক্ষা চলাকালে নকল ও অসদুপায় অবলম্বনের অভিযোগে মোট ২০৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

LENS ASIA